# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৮১

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যেসব প্রাণী জবেহের মাধ্যমে ভক্ষন করা হালাল, সেসব মৃত প্রাণীর চামড়া দাবাগত করার পর বৈধ হয়

## ذِكْرُ إِبَاحَةِ الِانْتِفَاعِ بِجُلُودِ الْمَيْتَةِ الَّتِي تَحِلُّ بِالذَّكَاةِ إِذَا دُبغت

আরবী

1281 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم وَجَدَ شَاةً مَيْتَةً أُعطيتها مَوْلَاةٌ لِمَيْمُونَةَ مِنَ الصَّدَقَةِ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَلَّا انْتَفَعْتُمْ بِجِلْدِهَا)؟ قَالُوا: إِنَّهَا مَيْتَةٌ قال: (إنما حُرِّمَ أكلها)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1281 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৮১. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি মৃত মেষ দেখতে পেলেন, যা স্ত্রী মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার আজাদকৃতা দাসীকে সাদাকা থেকে দেওয়া হয়েছিল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা কেন এর  চামড়া দ্বারা উপকার গ্রহণ করনি?” লোকজন বললো, “এটা তো মৃত!” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই কেবল হারাম করা হয়েছে তা ভক্ষন করা।” [1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৬৩; সহীহ আল বুখারী: ১৪৯২; আবূ আওয়ানা: ১/২১০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন